



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৫.২৪.১৬৪

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০

২২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৯৯/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৯৯/২০২৪-এর ১৫/০১/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা পৌরসভার প্যাকেজ নং-W-91-BMDF-MGSP-69-Alam-15-WS-PTW/01 কাজ সম্পাদের লক্ষ্যে উক্ত কাজের অনুকূলে মোঃ গিয়াস উদ্দিন, প্রোগ্রাইটর, মেসার্স শাপলা ট্রেডার্স জামানত প্রদান করেন। কাজ শেষে উক্ত জামানতের টাকা পরিশোধের জন্য পিটিশনার গত ২২/০৮/২০২৩ খ্রি. তারিখে মেয়র, আলমডাঙ্গা পৌরসভা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে কোনো ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার মোঃ গিয়াস উদ্দিন সংস্কৃদ্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৯৯/২০২৪ দায়ের করেন।

২। বিবেচ্য মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং মেয়র, আলমডাঙ্গা পৌরসভা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা-কে ৪নং প্রতিপক্ষসহ মোট আট জনকে প্রতিপক্ষ করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

“Pending hearing of the Rule, the respondent No. 4 is directed to dispose of the application filed by the petitioner on 22.08.2023 (Annexure-M) within 60 (sixty) days from the date of receipt of the order in accordance with law.”

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৯৯/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8442/potrojariAttachmentRef/53033/0/2240)

২২-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +880255100995

ইমেইল: lgdlaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৫.২৪.১৬৪/১(৫)

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০

২২ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২২-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)